



## ব্রিটিশ কাউন্সিল কর্তৃক নর্থ সাউথ ইউনিভার্সিটির আইইএলটিএস পরীক্ষার্থীদের মধ্যে বৃত্তি প্রদান

ব্রিটিশ কাউন্সিলের সহযোগিতায় নর্থ সাউথ ইউনিভার্সিটি বৃহস্পতিবার ক্যাম্পাসে আইইএলটিএস পরীক্ষার্থীদের জন্য বৃত্তি প্রদান অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে তিন কৃতী শিক্ষার্থী মো. পারভেজ হাসান ইউসুফ, মো. মোস্তফা আজাদ এবং আতিকা লাবিবাকে আইইএলটিএস পরীক্ষায় অংশগ্রহণ ও ভালো ফলাফলের জন্য ২৫,০০০ টাকার বৃত্তি প্রদান করা হয়।

অনুষ্ঠানে উভয় প্রতিষ্ঠানের বিশিষ্ট ব্যক্তির উপস্থিতি ছিলেন। ব্রিটিশ কাউন্সিল থেকে ম্যাক্সিম রাইমান, কান্ট্রি এক্সাম ডিরেক্টর, তাবাসসুম চৌধুরী, ম্যানেজার অফ বিজনেস পারস্যুট, সাজ্জাদ হোসেন সিয়াম, বিজনেস

পারস্যুট অফিসার এবং জুবায়ের নাইম, মার্কেটিং ম্যানেজার উপস্থিত ছিলেন। নর্থ সাউথ ইউনিভার্সিটির পক্ষে প্রতিনিধিত্ব করেন— প্রফেসর আব্দুর রব খান (কোষাধ্যক্ষ), ড. আহমেদ তাজমীন (রেজিস্ট্রার), ড. হাসানুজ্জামান (ডিরেক্টর ইনচার্জ, এক্সট্রানীল অ্যাফেয়ার্স) এবং তাসনিয়া আজমেরী মাদিহা (কো-অর্ডিনেশন অফিসার)।

এনএসইউ এবং ব্রিটিশ কাউন্সিলের মধ্যে এই পার্টনারশিপের মাধ্যমে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে সরাসরি আইইএলটিএসের মতো আন্তর্জাতিক পরীক্ষায় প্রবেশের সুবিধা দেওয়া হচ্ছে। সংবাদ বিজ্ঞপ্তি